

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূসক আইন ও বিধি শাখা ]

আদেশ

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ/৩০ মে ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : JICA সহ বিভিন্ন উন্নয়ন সহযোগীর অর্থায়নে পরিচালিত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের চলমান কাজে সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা অন্যকোন সেবা সরবরাহকারীর বিল হতে উৎসে কর্তন বিষয়ে ব্যাখ্যা প্রদান।

সূত্র : (১) জাপান দূতাবাসের পত্র নং : E12/GL/20, তারিখ : ১৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ

(২) সুমিতোমো কর্পোরেশনের পত্র নং : L-ELHDZ-MTB-5416-NBR,  
তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ

(৩) বিশো ইনফ্রা প্রজেক্ট লিমিটেডের ১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখের পত্র

নং ০৫/মূসক/২০২০ —উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উন্নয়ন সহযোগীদের অর্থায়নে বাংলাদেশে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ সকল প্রকল্পে কোন কোন ক্ষেত্রে দ্বৈত মূল্য সংযোজন কর আরোপিত হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট সংস্থাসমূহ জানিয়েছে। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৯(১) এর বিধান অনুযায়ী কোন সরবরাহকারী উৎসে কর্তনকারী সত্তার নিকট চুক্তি, টেন্ডার বা কার্যাদেশ বা অন্যবিধভাবে অব্যাহতি বা শূন্যহারবিশিষ্ট নয় এমন সরবরাহ প্রদান করলে উৎসে কর্তনকারী সত্তা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ হতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্দিষ্টকৃত মূল্য সংযোজন কর উৎসে কর্তন করবে। কিন্তু সেবা সরবরাহকারী ব্যক্তি কর্তৃক সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা অন্যকোন

(৫৭৬৩)

মূল্য : টাকা ৪.০০

সেবা সরবরাহকারী ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হলে সেক্ষেত্রে সাব-কন্ট্রাক্টর এজেন্ট বা অন্যকোন সেবা সরবরাহকারী ব্যক্তির বিল হতে উৎসে মূল্য সংযোজন কর কর্তনের বিষয়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এ সুস্পষ্ট বিধান নেই এ অবস্থায়, দ্বৈত মূসক পরিহারের লক্ষ্যে এ বিষয়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ডের ব্যাখ্যা নিম্নরূপ :

কোন প্রকল্পের আওতায় কোন সেবা গ্রহণকারী কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর যদি সেবা গ্রহণকারী বা, ক্ষেত্রমত, সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি সেবার মূল্য বা কমিশন পরিশোধকালে নির্ধারিত পদ্ধতিতে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারি ট্রেজারিতে জমা করেন এবং উক্ত সেবা সরবরাহকারী ব্যক্তি কর্তৃক উক্ত সমুদয় সেবার অংশবিশেষ সরবরাহের লক্ষ্যে কোন সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা অন্যকোন সেবা সরবরাহকারী ব্যক্তিকে নিয়োগ করেন, সেক্ষেত্রে উক্ত সেবা সরবরাহকারীর সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা নিয়োগকৃত অন্যকোন সেবা সরবরাহকারী ব্যক্তির নিকট হতে, উক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারি ট্রেজারিতে জমা প্রদানের দালিলিক প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে পুনরায় উৎসে মূল্য সংযোজন কর আদায় করা যাবে না। তবে, প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।